

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

...

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ
সভার তারিখ	৩১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ০৪.০০ ঘটিকা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেনঃ

১.০ আলোচ্য সূচি: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ।

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণ, ১২ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিংয়ে ঘোষিত সেরা উদ্ভাবন ও সেরা স্টলের ফ্রেস্ট আনুষ্ঠানিকভাবে প্রদানের ব্যবস্থা করা এবং ইনোভেশন টিমের ইন্দোনেশিয়া সফরের উপর প্রতিবেদন জরুরি ভিত্তিতে দাখিলের বিষয়ে সভায় আলোচনা হয়। ইনোভেশন কোডে বাজেট বরাদ্দ এবং দেশে নলেজ শেয়ারিং ও বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য প্রতিষ্ঠান ও দেশ চিহ্নিতকরণের উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।

১.২ সিদ্ধান্ত:

ক) অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণের লক্ষ্যে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), উপসচিব (প্রশাসন-১) এবং প্রোগ্রামার আগামী সভার কার্যপত্রে উপস্থাপন করবেন যা সভায় আলোচনাক্রমে চূড়ান্ত করা হবে এবং পরবর্তীতে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে অধিদপ্তরসমূহের নিকট প্রেরণ করা হবে।

খ) ১২ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিংয়ে ঘোষিত সেরা উদ্ভাবন (প্রিজন লিংক) ও সেরা স্টল (ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর) এর স্বীকৃতি হিসেবে প্রস্তুতকৃত ফ্রেস্ট আনুষ্ঠানিকভাবে অধিদপ্তরের সাথে আগামী মাসিক সম্বয় সভায় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) ইনোভেশন টিমের ইন্দোনেশিয়া সফরের উপর প্রতিবেদন প্রস্তুতক্রমে আগামী ২৬.১১.২০১৯ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সচিব মহোদয়ের নিকট দাখিল করতে হবে। প্রতিবেদনের খসড়া প্রণয়নের লক্ষ্যে যৌথভাবে দায়িত্ব পালন করবেন সুরক্ষা সেবা বিভাগের পক্ষে প্রোগ্রামার জনাব মোঃ আইয়ুব হোসেন, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের পক্ষে অতিরিক্ত মহাপরিচালক জনাব সেলিনা বানু, কারা অধিদপ্তরের পক্ষে কারা উপ-মহাপরিদর্শক জনাব টিপু সুলতান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষে জনাব মোঃ জিল্লুর রহমান এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষে উপ-সহকারী পরিচালক জনাব মোঃ হেলাল উদ্দিন খান।

ঘ) উল্লিখিত কর্মপরিকল্পনার ৩.১ নং কার্যক্রম অনুসারে উদ্ভাবন খাতের বাজেট বরাদ্দ হতে যে ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা সংশোধিত বাজেট প্রণয়নের সময় সংশ্লিষ্ট কোডে (৩২৫৭১০৫) বরাদ্দ প্রদান নিশ্চিত করার জন্য সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমূহের বাজেট প্রণয়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

ঙ) কর্মপরিকল্পনার ৯.২ এবং ৯.৩ নং কার্যক্রম অনুসারে দেশে নলেজ শেয়ারিং ও বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য প্রতিষ্ঠান ও দেশ চিহ্নিতকরণপূর্বক ইনোভেশন টিমের পরবর্তী সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব, উপসচিব জনাব মো: মনিরুজ্জামান এবং উপসচিব জনাব মো: আবুল কালাম তালুকদারকে অনুরোধ করা হলো।

চ) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তরসমূহ স্ব স্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুরূপ পদক্ষেপ গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার,
সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৯৩

তারিখ: ২৫ কার্তিক ১৪২৬
১০ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: শওকত আলী, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) জনাব মো: আবুল কালাম তালুকদার, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৭) অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আলতাফ হোসেন
উপসচিব